



## -ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ঃ-

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেলের শূন্য পদগুলির নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে ঃ-

১।	নেটওয়ার্ক টেকনিশিয়ান ঃ- টাঃ- ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১(এক)টি	প্রার্থীকে ন্যূনতম HSC বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ তথ্য ও প্রযুক্তি সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে । প্রার্থীকে Wireless Router Configuration এবং Access point installation. Cable punching এবং crimping করা, cable Testing সহ PVC pipe Installation ও Optical Fiber cable laying এবং splicing করার দক্ষতা থাকিতে হইবে । সেইসাথে IP Phone. CCTV Camera ব্যবহারকারীদের কারিগরি সেবা প্রদানে সক্ষম হইতে হইবে । প্রার্থীদের শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না ।
২।	হার্ডওয়ার টেকনিশিয়ান ঃ- টাঃ- ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১(এক)টি	প্রার্থীকে ন্যূনতম HSC বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কম্পিউটার হার্ডওয়ার রক্ষণাবেক্ষণ সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে । কোন সরকারি/বেসরকারি/স্বায়ত্বশাসিত বিশ্ববিদ্যালয়ে কম্পিউটার হার্ডওয়ার রক্ষণাবেক্ষণে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হইবে । প্রার্থীকে Wireless ও Mikrotik Router Configuration এবং রক্ষণাবেক্ষণে দক্ষ, IP Phone. CCTV ক্যামেরার জন্য ব্যবহৃত Internet এর সংযোগ স্থাপন ও IP Phone Setup করিতে পারদর্শী, কম্পিউটারের বেসিকসহ অফিস প্রোগ্রাম জানিতে হইবে । প্রার্থীদের শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না ।
৩।	ডাটা এন্ট্রি অপারেটর ঃ- টাঃ- ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১(এক)টি	প্রার্থীকে ন্যূনতম HSC বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ তথ্য ও প্রযুক্তি সংশ্লিষ্ট কাজে সরকারি/বেসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে । প্রার্থীকে কম্পিউটারের বেসিক জ্ঞানসহ অফিস প্রোগ্রাম (Microsoft Word, Excel & Power Point)-এ অত্যন্ত দক্ষতা থাকিতে হইবে । প্রার্থীর কমপক্ষে বাংলায় ৩০(ত্রিশ) ও ইংরেজিতে ৪০(চল্লিশ) শব্দ টাইপিং স্পিড থাকিতে হইবে । প্রার্থীদের শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না ।

আবেদনকারীকে অবশ্যই আবেদনপত্রে তাহার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রী উল্লেখ করিতে হইবে । এইরূপ কোন তথ্য গোপন করিলে বা উল্লেখ না করিলে ভবিষ্যতে তাহার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হইবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হইবে । ইহাছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হইবে না ।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসা পত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রারের বরাবর লিখিত দরখাস্ত আগামী ২৫-০১-২০১৮ খ্রিষ্টাব্দ/১২-১০-১৪২৪ বঙ্গাব্দ তারিখের মধ্যে আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল এর পরিচালক মহোদয়ের অফিসে পৌঁছাইতে হইবে ।